উদ্ভাবনী ধারণা (ডিজিটাল সেবা) তালিকা

**তথ্য মন্ত্রণালয়**

ডিজিটাল সেবা তৈরির তালিকা

| ক্রমিক নং | উদ্ভাবনের নাম | উদ্ভাবনের সংক্ষিপ্ত বিবরণ | উদ্ভাবন গ্রহণের যৌক্তিকতা |
|---|---|---|---|
| ০১ | তথ্য মন্ত্রণালয়-এটুআই এর কার্যক্রম ড্যাসবোর্ড | উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নের অংশ হিসেবে তথ্য মন্ত্রণালয়ে সফটওয়্যার চালুর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। তথ্য মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/অধিদপ্তর/সংস্থাকে একটি নেটওয়ার্কের আওতায় এনে ডাটাবেজ করা হলে সংশ্লিষ্ট দপ্তর/অধিদপ্তর/সংস্থা ও এটুআই মধ্যে সম্পাদিত MOU মোতাবেক কার্যক্রম সম্পর্কিত তথ্য হার্ড কপির মাধ্যমে প্রধান কার্যালয়ে প্রেরণের প্রয়োজন হবেনা। সফটওয়্যার চালু করা সম্ভব হলে কার্যক্রমের অগ্রগতি বিষয়ক তথ্য সার্ভারে সংরক্ষিত ডাটাবেজ থেকে সহজে জানা যাবে। | সফটওয়্যার চালু করা সম্ভব হলে অনলাইনে পর্যবেক্ষণ করত: প্রয়োজনীয় পরামর্শ ও সহায়তা প্রদান দ্রুততার সাথে নিষ্পন্ন করা সম্ভব হবে। |
| ২ | ইউটিউবে ডকুমেন্টারি, উদ্বুদ্ধকরণ চলচ্চিত্র আপলোড করে স্থানীয় ব্যাপক জনগোষ্ঠীকে প্রদর্শনের ব্যবস্থাকরণ | ইউটিউবে ডকুমেন্টরি উদ্বুদ্ধকরণ চলচ্চিত্র আপলোড করে ব্যাপক জনগোষ্ঠীকে দেশের উন্নয়ন কর্মকান্ডে সম্পৃক্তকরণ। | ইউটিউবে ডকুমেন্টরি উদ্বুদ্ধকরণ চলচ্চিত্র আপলোড করার ফলে জনগণ চলচ্চিত্র/বিনোদন উপভোগের মাধ্যমে জনসচেতনতামূলক বার্তা সহজে পাচ্ছে। |
| ৩ | আইসিটি ও প্রশিক্ষণ | আইসিটি ও কারিগরি ও বুনিয়াদি প্রশিক্ষণ আয়োজনের মাধ্যমে বাংলাদেশ সরকারের ডিজিটাল সেবা কার্যক্রমকে এগিয়ে নিয়ে যাওয়া। | এই সেবা চালু করার মাধ্যমে বিভিন্ন আইসিটি কার্যক্রম পরিচালনা ও অনুশীলন ভিত্তিক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে সেবা প্রার্থীদের উন্নত সেবা প্রাপ্তিতে নিশ্চয়তা প্রদান। |

# তথ্য অধিদফতর

ডিজিটাল সেবা তৈরির তালিকা

| ক্রমিক নং | উদ্ভাবনের নাম | উদ্ভাবনের সংক্ষিপ্ত বিবরণ | উদ্ভাবন গ্রহণের যৌক্তিকতা |
|---|---|---|---|
| ০১ | সাংবাদিকদের প্রেস এক্রিডিটেশন কার্ড প্রাপ্তির আবেদন অনলাইনে গ্রহণ, নিষ্পত্তি ও ডিজিটাল কার্ড সরবরাহ। | অনলাইনে প্রেস এক্রিডিটেশন কার্ড প্রাপ্তির আবেদন করার সুবিধা থাকায় সাংবাদিকদের তথ্য অধিদফতরে আসতে হবেনা। ফলে, সময়, অর্থ এবং দ্রুততম সময়ে সেবাপ্রাপ্তি নিশ্চিত হবে। | অনলাইনে প্রেস এক্রিডিটেশন কার্ড প্রাপ্তির আবেদন যাচাই বাছাই করে নীতিমালার আলোকে সাংবাদিকদের কার্ড প্রদান সহজ হবে। যারা কার্ড পাওয়ার যোগ্য নন তাদের অনলাইনেই জানানো যাবে। প্রেস এক্রিডিটেশন কার্ডপ্রাপ্ত সাংবাদিকদের তালিকা/তথ্যাবলী সংরক্ষিত থাকবে। এছাড়া, নিরাপত্তা নিশ্চিত করতে ম্যানুয়াল কার্ডের পরিবর্তে ডিজিটাল কার্ড সরবরাহ করলে নকল/বিকৃত করার সুযোগ কমে যাবে। |

# বাংলাদেশ বেতার

## ডিজিটাল সেবা তৈরির তালিকা

| ক্রমিক নং | উদ্ভাবনের নাম | উদ্ভাবনের সংক্ষিপ্ত বিবরণ | উদ্ভাবন গ্রহণের যৌক্তিকতা |
|---|---|---|---|
| ০১ | বেতার অটোমেশন সফটওয়্যার | স্বচ্ছ ও দূর্নীতিমুক্তভাবে অফিস ব্যবস্থাপনা সম্পন্ন করার লক্ষ্যে বাংলাদেশ বেতারের সকল কার্যক্রমকে অটোমেশন করার জন্য বেতারের ৫৮টি দপ্তরের সকল কর্যক্রমসহ মানব সম্পদ ব্যবস্থাপনা, অনুষ্ঠান ও বার্তা ব্যবস্থাপনা (শিল্পী তালিকাভূক্তকরণ, শিল্পীর শ্রেণি উন্নয়ন, শিল্পী ডাটাবেইজ তৈরি, অনুষ্ঠান পরিকল্পনা, এসএমএস এর মাধ্যমে শিল্পী যোগাযোগ, রেকর্ডিং, অনুষ্ঠান প্রচার, অনুষ্ঠান সংরক্ষণ, শিল্পী সম্মানী প্রদান ইত্যাদি), স্টোর ব্যবস্থাপনা, সম্পত্তি ব্যবস্থাপনা, বাজেট ব্যবস্থাপনা এবং বেতারের সকল অনুষ্ঠান অনলাইন আর্কাইভিং ও স্টিমিং এর জন্য একটি সমন্বিত Software তৈরি এবং এই Software এর মাধ্যমে বাংলাদেশ বেতারের ১৪টি কেন্দ্র ও ৬টি বিশেষায়িত ইউনিট এর কার্যক্রম পরিচালনা করা যাবে। | স্বচ্ছ ও দূর্নীতিমুক্তভাবে অফিস ব্যবস্থাপনা সম্পন্ন করার লক্ষ্যে বাংলাদেশ বেতারের সকল কার্যক্রমকে অটোমেশন করা অতীব প্রয়োজন। |

# বাংলাদেশ টেলিভিশন

## ডিজিটাল সেবা তৈরির তালিকা

| ক্রমিক নং | উদ্ভাবনের নাম | উদ্ভাবনের সংক্ষিপ্ত বিবরণ | উদ্ভাবন গ্রহণের যৌক্তিকতা |
|---|---|---|---|
| ০১ | স্টোর ম্যানেজমেন্ট ডাটাবেজ সফটওয়্যার চালু: | উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নের অংশ হিসেবে বাংলাদেশ টেলিভিশনে স্টোর ম্যানেজমেন্ট ডাটাবেজ সফটওয়্যার চালুর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বিটিভির সমস্ত কেন্দ্র/উপকেন্দ্রের স্টোরগুলো একটি নেটওয়ার্কের আওতায় এনে ডাটাবেজ করা হলে সকল স্টোরের মালামাল সম্পর্কিত তথ্য হার্ড কপির মাধ্যমে প্রধান কার্যালয়ে প্রেরণের প্রয়োজন হবেনা। স্টোর ম্যানেজমেন্ট সফটওয়্যার চালু করা সম্ভব হলে কোন যন্ত্রাংশ বা মালামাল মজুদ আছে কিনা তা যাচাই করার জন্য সার্ভারে সংরক্ষিত ডাটাবেজ থেকে সহজে জানা যাবে। | স্টোর ম্যানেজমেন্ট সফটওয়্যার চালু করা সম্ভব হলে অনলাইনে পর্যবেক্ষণ করত: প্রয়োজনীয় পরামর্শ ও সহায়তা প্রদান দ্রুততার সাথে নিষ্পন্ন করা সম্ভব ও স্টোর ইনভেন্টরিসহ যন্ত্রাংশ মেরামত/সংযোজন সহজতর হয়। এছাড়া অন্যান্য কেন্দ্র/উপকেন্দ্রগুলো প্রধান কার্যালয়ের সংরক্ষিত মালামাল সম্পর্কে অবহিত হতে পারবে এবং সে মোতাবেক চাহিদা প্রেরণ করবে। |
| ২ | সফটওয়্যারের মাধ্যমে শিল্পী সম্মানী প্রদান | বিটিভির বিদ্যমান সেবাসমূহকে আধুনিক ও যুগোপযোগী করার অংশ হিসেবে আর্টিস্ট পেমেন্ট সফটওয়্যার চালুর উদ্যোগ নেয়া হয়েছে। তালিকাভূক্ত শিল্পীদের সম্মানী প্রদানে অনলাইন আর্টিস্ট পেমেন্ট সফটওয়্যার শিল্পীদের সম্মানী প্রদানে সময় ও বিড়ম্বনা হ্রাসসহ সেবার মান বৃদ্ধি করবে। অনলাইন আর্টিস্ট ম্যানেজমেন্ট সিস্টেম চালুর লক্ষ্যে অর্থ মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে সোনালী ব্যাংকের সাথে সেপ্টেম্বর/২০১৯ মাসের মধ্যে একটি চুক্তি স্বাক্ষর করা হবে। সকল আনুষ্ঠানিকতা সম্পন্ন করে অচিরেই শিল্পী/কলাকুশলীদের সম্মানী অনলাইন ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে প্রদানের কার্যক্রম গ্রহণ করা হবে। | বিটিভির তালিকাভুক্ত শিল্পীদের সম্মানী প্রদান করা হয় চেকের মাধ্যমে(ডাক মারফত) যা ধীরগতি ও সময়সাপেক্ষ এবং সম্মানী প্রাপ্তির জন্য শিল্পীদের একাধিক বার বিটিভিতে আসার প্রয়োজন হয়। যার ফলে শিল্পীদের নানামুখী বিড়ম্বনার শিকার হতে হয়। সেজন্য শিল্পী সম্মানী অনলাইন ব্যাংকিং ব্যবহার মাধ্যমে প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। |
| ৩ | ডিজিটাল ফটো ডিসপ্লে | আধুনিক ও যুযোপযোগী উদ্ভাবনী কার্যক্রমের অংশ হিসেবে বাংলাদেশ টেলিভিশনের বিভিন্ন উল্লেখযোগ্য চিত্র প্রদর্শনের লক্ষ্যে ঢাকা কেন্দ্রের নিচতলায় লবিতে ডিজিটাল ফটো ডিসপ্লে চালুর উদ্যোগ নেয়া হবে। বিটিভিতে প্রচারিত সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ডের চিত্র, বিশিষ্ট শিল্পী/কলাকুশলীদের অনুষ্ঠানে অংশগ্রহণের চিত্রসহ উল্লেখযোগ্য স্থির চিত্রগুলো এখানে প্রদর্শন করা হয়ে থাকে। ফলে বিটিভির উল্লেখযোগ্য স্থির চিত্রগুলো প্রিন্ট ছাড়াই একই সাথে অনেকগুলো ছবি স্লাইডশোর মাধ্যমে প্রদর্শন করা সম্ভব হবে। এর ফলে বিটিভির স্থির চিত্রগুলো প্রিন্ট করার প্রয়োজন হবে না এবং একসাথে ছবিগুলো সংরক্ষণ করা সম্ভব হবে। | বাংলাদেশ টেলিভিশনে নিয়মিত বিশিষ্ট শিল্পী/কলাকুশলী/ব্যক্তিবর্গের সমন্বয়ে নানারকম অনুষ্ঠনা তৈরি হয়ে থাকে। এসব শিল্পী/কলাকুশলী/ব্যক্তিবর্গের অংশগ্রহণে প্রচারিত অনুষ্ঠানের ভিডিও ফুটেজ ও স্থির চিত্র বিটিভিতে সংরক্ষণ করা হয়ে থাকে। এছাড়া, বিটিভিতে প্রচারিত সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ডের চিত্র, বিশিষ্ট শিল্পী/কলাকুশলীদের অনুষ্ঠানে অংশগ্রহণের চিত্রসহ উল্লেখযোগ্য স্থির চিত্রগুলো এখানে প্রদর্শন করার লক্ষ্যে ডিজিটাল ফটো ডিসপ্লে চালুর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বিটিভির উল্লেখযোগ্য স্থির চিত্রগুলো প্রিন্ট ছাড়াই ছবি স্লাইডশোর মাধ্যমে প্রদর্শন করা সম্ভব। |

## গণযোগাযোগ অধিদপ্তর

ডিজিটাল সেবা তৈরির তালিকা

| ক্রমিক নং | উদ্ভাবনের নাম | উদ্ভাবনের সংক্ষিপ্ত বিবরণ | উদ্ভাবন গ্রহণের যৌক্তিকতা |
|---|---|---|---|
| ০১ | এলইডি স্ক্রিন স্থাপনের মাধ্যমে প্রচার কার্যক্রম বাস্তবায়ন | এলইডি স্ক্রিন স্থাপন করে জনগুরুত্বপূর্ণ বার্তা আপলোড করে জনসাধারণকে সচেতন করা | এলইডি স্ক্রিনে বার্তা প্রচারের মাধ্যমে জনগণকে সহজে গুরুত্বপূর্ণ বার্তা/তথ্য দেয়া সম্ভব হচ্ছে। |
| ২ | ইউটিউবে ডকুমেন্টারি, উদ্বুদ্ধকরণ চলচ্চিত্র আপলোড করে স্থানীয় ব্যাপক জনগোষ্ঠীকে প্রদর্শনের ব্যবস্থাকরণ | ইউটিউবে ডকুমেন্টরি উদ্বুদ্ধকরণ চলচ্চিত্র আপলোড করে ব্যাপক জনগোষ্ঠীকে দেশের উন্নয়ন কর্মকান্ডে সম্পৃক্তকরণ। | ইউটিউবে ডকুমেন্টরি উদ্বুদ্ধকরণ চলচ্চিত্র আপলোড করার ফলে জনগণ চলচ্চিত্র/বিনোদন উপভোগের মাধ্যমে জনসচেতনতামূলক বার্তা সহজে পাচ্ছে। |

## জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট

ডিজিটাল সেবা তৈরির তালিকা

| ক্রমিক নং | উদ্ভাবনের নাম | উদ্ভাবনের সংক্ষিপ্ত বিবরণ | উদ্ভাবন গ্রহণের যৌক্তিকতা |
|---|---|---|---|
| ০১ | বৃহদাকৃতির ডিজিটাল ডিসপ্লে বোর্ড স্থাপন (ভিডিও প্রদর্শনের সুবিধাসহ) | মূলরাস্তা হতে দৃশ্যমান শেখ রাসেল অডিটোরিয়াম এর দেয়ালে আনুমানিক ৮'×৬' পরিমাপের ভিডিও প্রদর্শনের সুবিধাসহ ডিজিটাল ডিসপ্লে বোর্ড স্থাপন। | জনগুরুত্বপূর্ণ জাতীয় তথ্যাদি প্রচার সরকারের উন্নয়ন কর্মকান্ড প্রচার এবং জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের প্রশিক্ষণার্থীদের নির্মিত বিভিন্ন ডকুমেন্টারি শিক্ষামূলক ভিডিও প্রদর্শন। |

## বাংলাদেশ ফিল্ম আর্কাইভ

ডিজিটাল সেবা তৈরির তালিকা

| ক্রমিক নং | উদ্ভাবনের নাম | উদ্ভাবনের সংক্ষিপ্ত বিবরণ | উদ্ভাবন গ্রহণের যৌক্তিকতা |
|---|---|---|---|
| ০১ | সকল প্রয়োজনীয় নথি ডাটাবেজের আওতায় আনা | বাংলাদেশ ফিল্ম আর্কাইভের প্রতিষ্ঠাকালীন সময় থেকে রেজিষ্টারভুক্ত সকল নথির ডিজিটালকরণ। | বাংলাদেশ ফিল্ম আর্কাইভের প্রতিষ্ঠাকালীন সময় থেকে বিভিন্ন ক্যাটাগরির প্রশাসনিক ফাইলসমূহের (আনুমানিক ৫৪০টি) ডিজিটাল ডাটাবেজ প্রস্তুতকরণ। |

## প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)

ডিজিটাল সেবা তৈরির তালিকা

| ক্রমিক নং | উদ্ভাবনের নাম | উদ্ভাবনের সংক্ষিপ্ত বিবরণ | উদ্ভাবন গ্রহণের যৌক্তিকতা |
|---|---|---|---|
| ০১ | অনলাইনে সাংবাদিকদের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করা | দেশ ও দেশের বাইরে সাংবাদিক ও সাংবাদিকতায় আগ্রহীরা অনলাইন শিক্ষা কার্যক্রমে অংশ নিতে পারবে। এতে সময়, খরচ ও যাতায়াত কমে যাবে। | কম খরচে অধিক সংখ্যক প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ সেবা প্রদান করা সম্ভব হবে। |

## বাংলাদেশ প্রেস কাউন্সিল

ডিজিটাল সেবা তৈরির তালিকা

| ক্রমিক নং | উদ্ভাবনের নাম | উদ্ভাবনের সংক্ষিপ্ত বিবরণ | উদ্ভাবন গ্রহণের যৌক্তিকতা |
|---|---|---|---|
| ০১ | কর্মরত সাংবাদিকদের অনলাইন ডাটাবেইজ প্রস্তুত | হলুদ সাংবাদিকতা রোধে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় কর্মরত সাংবাদিকদের চিহ্নিত করার জন্য যেকেউ বাংলাদেশ প্রেস কাউন্সিলের ওয়েবসাইটে প্রবেশ করে সাংবাদিকদের অনলাইন ডাটাবেইজ সার্চ করে প্রকৃত সাংবাদিকদের যাচাই করতে পারবেন। | প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় কর্মরত প্রকৃত সাংবাদিকদের চিহ্নিত করা এবং যেসব ভুয়া সাংবাদিক চাঁদাবাজি তথা হলুদ সাংবাদিকতা করে তাদেরকে প্রতিহত করা। |

## বাংলাদেশ সংবাদ সংস্থা

ডিজিটাল সেবা তৈরির তালিকা

| ক্রমিক নং | উদ্ভাবনের নাম | উদ্ভাবনের সংক্ষিপ্ত বিবরণ | উদ্ভাবন গ্রহণের যৌক্তিকতা |
|---|---|---|---|
| ০১ | প্রেস রিলিজ সাবমিশন সিস্টেম চালু করা। | সংস্থার সংবাদ সংক্রান্ত ওয়েবসাইটে নাগরিকদের জন্য একটি প্রেস রিলিজ সাবমিশন সিস্টেম চালু এবং প্রেস রিলিজ কর্ণার নামে সংস্থার ওয়েসাইটে একটি কর্ণার তৈরি করা হবে। যেখানে দেশের যে কোন নাগরিক ব্রাউজ করে তার প্রেস রিলিজ ওয়েবসাইটের একটি নির্দিষ্ট বক্সে সাবমিট করতে পারবে। | সেবাটি চালু হলে কোন নাগরিককে সংস্থার কার্যালয়ে এসে বা ডাকযোগে, ফ্যাক্স বা ই-মেইলে তার প্রেস রিলিজ প্রেরণ করতে হবে না। এতে সময়, খরচ ও ভিজিট হ্রাস পাবে এবং দ্রুত প্রেস রিলিজ সংস্থার সংশ্লিষ্ট ডেস্কে পৌছে যাবে। ফলে নাগরিক সেবায় ডিজিটাইজেশন পদ্ধতি আরো যুগোপযোগী হবে। |
| ০২ | জেলা সংবাদদতাদের সংবাদ ও মাসিক ডায়েরি সাবমিশন সিস্টেম চালু করা। | বর্তমানে সংস্থার জেলা সংবাদদাতাগণ ই-মেইলে সংবাদ প্রেরণ করে থাকে এবং প্রতি মাসে তাদের প্রেরিত সংবাদের শিরোনাম উল্লেখ করে একটি মাসিক ডায়েরি সংস্থার প্রধান কার্যালয়ে প্রেরণ করার পর তাদের মাসিক রিটেইনার ও আনুষাঙ্গিক বিল পরিশোধ করা হয়। এই পদ্ধতিটি চালু হলে প্রতিটি জেলা সংবাদদাতার একটি করে ইউজার আইডি থাকবে। নিজ নিজ ইউজার আইডিতে লগিং করে তার সংগৃহিত সংবাদটি সাবমিশন করতে পারবে। | সংস্থার জেলা সংবাদদাতাদের সংবাদ প্রেরণের ব্যয়, সময় হ্রাস পাবে এবং মাসিক ডায়েরি প্রেরণ ও যাচাই বাছাইয়ে জটিলত দুর হবে। ফলে জেলা সংবাদদাতাদের কাজে প্রতিযোগিতা ও জবাবদিহিতা সৃষ্টি হবে। |
| ০৩ | জেলা সংবাদদাতাদের জন্য গ্রুপ মেইল ও রেসপন্স সিস্টেম তৈরি করা। | সংস্থার জেলা সংবাদদাতাদের জন্য নির্দেশনা নোটিশ প্রেরণসহ যোগাযোগ কার্যক্রম আরো সহজতর করার লক্ষ্যে জেলা সংবাদদাতাদের সমন্বয়ে গ্রুপমেইল তৈরি করে তাদের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করে সংবাদ সংগ্রহ ও প্রেরণ বিষয়ে নির্দেশনা ও পরামর্শ প্রদান করতে পারবে। | ফলে সংবাদ সংগ্রহ ও পরিবেশনে গতিশীলতা আসবে। জেলা সংবাদদাতাদের প্রতিযোগিতামূলক একটি কর্মপরিবেশ তৈরি হবে। সংবাদ পরিবেশনের মান ও সংখ্যা বৃদ্ধি পাবে। |

## বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন

ডিজিটাল সেবা তৈরির তালিকা

| ক্রমিক নং | উদ্ভাবনের নাম | উদ্ভাবনের সংক্ষিপ্ত বিবরণ | উদ্ভাবন গ্রহণের যৌক্তিকতা |
|---|---|---|---|
| ০১ | সিডিউল ক্যালেন্ডার | তথ্য বাতায়নে উল্লেখিত সিডিউল ক্যালেন্ডার সফটওয়্যার সংযোজন করার মাধ্যমে চলচ্চিত্র নির্মাতাগণ প্রয়েজন অনুযায়ী সহজেই তাদের কাজের জন্য ফ্লোর, ক্যামেরা ও অন্যান্য সেবার সিডিউলের বুকিং নিতে পারবেন। | এই সফটওয়্যার চালু করার মাধ্যমে চলচ্চিত্র নির্মাতাগণ বিএফডিসি'তে স্বশরীরে না এসেও বুকিং এর সার্বিক চিত্র জানতে পারবেন। যার ফলশ্রুতিতে TCV ব্যাপক হারে হ্রাস পাবে। |

# বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড

ডিজিটাল সেবা তৈরির তালিকা

| ক্রমিক নং | উদ্ভাবনের নাম | উদ্ভাবনের সংক্ষিপ্ত বিবরণ | উদ্ভাবন গ্রহণের যৌক্তিকতা |
|---|---|---|---|
| ০১ | ডিজিটাল হাজিরা সিস্টেম প্রবর্তন। | ডিজিটাল হাজিরা সিস্টেম প্রবর্তন | ডিজিটাল হাজিরা সিস্টেম প্রবর্তনের মাধ্যমে দপ্তরের কর্মকর্তা-কর্মচারিদের যথাসময়ে অফিসে উপস্থিতি নিশ্চিত করা এবং উপস্থিতির ডাটাবেইজ তেরি করা। |
| ০২ | চলচ্চিত্রের তথ্য সংরক্ষণের জন্য ডাটাবেইজ তৈরি | একটি চলচ্চিত্র নির্মাণের প্রেক্ষাপট, চলচ্চিত্রের কাহিনি, দৃশ্য চিত্রায়নের স্থান, অভিনীত শিল্পী, কলা-কুশলী, সর্বোপরি নির্মিত চলচ্চিত্রটি মুক্তিযুদ্ধভিত্তিক কিনা? সরকারি অনুদানে নির্মিত কিনা? ইত্যাদি তথ্য সমৃদ্ধ ডাটাবেইজ তৈরি। | একটি চলচ্চিত্র নির্মাণের প্রেক্ষাপট, চলচ্চিত্রের কাহিনি, দৃশ্য চিত্রায়নের স্থান, অভিনিত শিল্পী, কলা-কুশলী, সর্বোপরি নির্মিত চলচ্চিত্রটি মুক্তিযুদ্ধভিত্তিক কিনা? সরকারি অনুদানে নির্মিত কিনা? ইত্যাদি তথ্য বর্তমানে হার্ডফাইলে সংরক্ষিত থাকে।<br><br>বাংলাদেশের চলচ্চিত্র সেন্সর বোর্ডের সকল নথি (বিগত ৫ বছরের নথি ব্যতিত) দীর্ঘ মেয়াদি সংরক্ষণের জন্য বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, আগারগাঁও, শেরে-বাংলা-নগর, ঢাকায় প্রেরণ করা হয়।<br><br>ফলে প্রশাসনিক মন্ত্রণালয়সহ বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের সেবা গ্রহীতাগণ কোনো চলচ্চিত্রের বিষয়ে তথ্য চাইলে চাহিত তথ্য সরবরাহ করার জন্য হার্ড ফাইল বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, আগারগাঁও, শেরে-বাংলা-নগর, ঢাকা থেকে তথ্য সংগ্রহপূর্বক প্রেরণ/সরবরাহ করতে হয়। এতে প্রচুর সময় ও অর্থ ব্যয় হয়।<br><br>বর্ণিত ডাটাবেইজটি তৈরি করা হলে এক ক্লিকেই একটি চলচ্চিত্রের সকল তথ্য পাওয়া যাবে এবং খুব সহজেই চাহিত তথ্য সরবরাহ করা সম্ভব হবে।এতে সময় ও অর্থের সাশ্রয় হবে। একই সাথে সেবাগ্রহীতাগণ দ্রুততম সময়ে সেবা পাবেন। |
| ০৩ | চলচ্চিত্রের রিভাইজড ভার্সন সেন্সরের আবেদন ফরম অনলাইন আবেদন ব্যবস্থায় সংযোজন। | চলচ্চিত্রের রিভাইজড ভার্সন সেন্সরের আবেদন ফরম অনলাইন আবেদন ব্যবস্থায় সংযোজন। | চলচ্চিত্রের রিভাইজড ভার্সন সেন্সর সনদপত্রের জন্য নির্ধারিত আবেদন ফরমে আবেদন করতে হয়। চলচ্চিত্রে রিভাইজড ভার্সন সেন্সরের জন্য জমা দেওয়ার পূর্বে প্রযোজক বা তার প্রতিনিধি বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডে স্ব-শরীরে এসে আবেদন ফরম সংগ্রহ করতে হয়। সংগৃহীত আবেদন যথাযথভাবে পূরণ করে জমা দিতে হয়। ফলে চলচ্চিত্রের প্রযোজকের সময় ও অর্থের অপচয় হয়।<br>উক্ত আবেদন ফরমটি অনলাইন করা হলে চলচ্চিত্রের প্রযোজকসহ বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের সেবা গ্রহিতাগণ বাংলাদেশ অনলাইনে আবেদন দাখিল করতে পারবেন। এতে সময় ও অর্থের সাশ্রয় হবে। পাশাপাশি সেবাগ্রহীতাগণ দ্রুত সেবা পাবেন। |
| ০৪ | সেন্সর সনদপ্রাপ্ত চলচ্চিত্রে প্রচার সামগ্রী অনুমোদনের জন্য চলচ্চিত্রে প্রচার সামগ্রী ফরমটি অনলাইন আবেদন ব্যবস্থায় অন্তর্ভুক্তকরণ। | সেন্সর সনদপ্রাপ্ত চলচ্চিত্রে প্রচার সামগ্রী অনুমোদনের জন্য চলচ্চত্রের প্রচার সামগ্রী ফরমটি অনলাইন আবেদন ব্যবস্থায় অন্তর্ভুক্তকরণ। | চলচ্চিত্রের প্রচার সামগ্রী যেমন পোস্টার অনুমোদনের জন্য নির্ধারিত আবেদন ফরমে আবেদন করতে হয়। উক্ত আবেদন ফরম সংগ্রহের জন্য চলচ্চিত্রের প্রযোজক বা তার প্রতিনিধি বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডে স্ব-শরীরে এসে আবেদন ফরম সংগ্রহ করতে হয়। সংগৃহীত আবেদন যথাযথভাবে পূরণ করে জমা দিতে হয়। ফলে চলচ্চিত্রের প্রযোজক বা তার প্রতিনিধির সময় ও অর্থের অপচয়।<br>উক্ত আবেদন ফরমটি অনলাইন ব্যবস্থায় অন্তর্ভুক্ত করা হলে চলচ্চিত্রের প্রযোজকসহ বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের সেবা গ্রহিতাগণ বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডে স্ব-শরীরে না এসে চলচ্চিত্রের প্রচার সামগ্রী যেমন পোস্টারের অনুমোদনের জন্য অনলাইনে আবেদন দাখিল করতে পারবেন। এতে সময় ও অর্থের সাশ্রয় হবে এবং সাথে সেবাগ্রহীতাগণ দ্রুততম সময়ে সেবা পাবেন। |

## চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর

ডিজিটাল সেবা তৈরির তালিকা

| ক্রমিক নং | উদ্ভাবনের নাম | উদ্ভাবনের সংক্ষিপ্ত বিবরণ | উদ্ভাবন গ্রহণের যৌক্তিকতা |
|---|---|---|---|
| ০১ | নিয়মিত প্রকাশনাসমূহের জন্য মোবাইল এপস চালুকরণ। | চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর থেকে নিয়মিতভাবে সচিত্র বাংলাদেশ, মানিক নবারুণ, বাংলাদেশ কোয়ার্টারলি ও এডহক প্রকাশিত হয়। এসব প্রকাশনা দেশের প্রান্তিক পর্যায়ের পাঠকগণ পড়ার সুযোগ পায়না। দেশের সকল পর্যায়ের পাঠকের কাছে এ প্রকাশনাসমূহ পৌঁছানোর লক্ষ্যে এ উদ্বাবনী প্রচেষ্টা। | • প্রকাশনাসমূহ দ্রুত সময়ে পাঠকগণ এন্ড্রয়েড মোবাইলের মাধ্যমে পড়তে পারবে।<br>• পাঠকগণ আর্থিকভাবে সাশ্রয়ী হবে।<br>• প্রকাশনাসমুহ দেশের প্রান্তিক পর্যায়ে সহজেই পৌঁছে যাবে।<br>• নিয়মিত প্রকাশনাসমূহ একই এপসে থাকায় পাঠকগণ সহজেই উপকৃত হবে।<br>• সরকারের উন্নয়নমূলক কর্মসূচিভিত্তিক তথ্য পুস্তিকা মোবাইল এপসের মাধ্যমে সহজপ্রাপ্য হবে এবং দ্রুত জনগনের কাছে পৌঁছে যাবে। |

## বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট

ডিজিটাল সেবা তৈরির তালিকা

| ক্রমিক নং | উদ্ভাবনের নাম | উদ্ভাবনের সংক্ষিপ্ত বিবরণ | উদ্ভাবন গ্রহণের যৌক্তিকতা |
|---|---|---|---|
| ০১ | সফটওয়্যারের মাধ্যমে লাইব্রেরির সেবা | নতুন এবং আধুনিক সফটওয়্যারের মাধ্যমে বিসিটিআই-এর লাইব্রেরি সেবা প্রদান | • সেবা গ্রহণকারী বিশ্বের যে কোন প্রান্ত হতে লাইব্রেরি সংক্রান্ত তথ্য জানতে পারবে।<br>• সহজে বই আদান প্রদান করতে পারবে। |
| ০২ | শিক্ষার্থীদের অনলাইন ডাটাবেইজ | শিক্ষার্থীদের অনলাইন ডাটাবেইজ তৈরি | • শিক্ষার্থীদের সাথে বিসিটিআই এর সম্পৃক্ততা বাড়বে।<br>• শিক্ষার্থীদের সহযোগিতায় বিসিটিআই সমৃদ্ধ হবে।<br>• অনলাইনের মাধ্যমে ডাটাবেইজ দেখে অনেকে প্রশিক্ষণ গ্রহণে আগ্রহী হবেন। |

# তথ্য কমিশন

## ডিজিটাল সেবা তৈরির তালিকা

| ক্রমিক নং | উদ্ভাবনের নাম | উদ্ভাবনের সংক্ষিপ্ত বিবরণ | উদ্ভাবন গ্রহণের যৌক্তিকতা |
|---|---|---|---|
| ০১ | তথ্য প্রাপ্তির অপারগতার নোটিশ অনলাইনকরণ | আরটিআই অন লাইন ট্রাকিং সিস্টেমের মাধ্যমে অপারগতার নোটিশ প্রদানের জন্য একটি নোটিশ মডিউল প্রস্তুত করা | ম্যানুয়াল পদ্ধতিতে TVC বেশী |
| ০২ | অনলাইনে সমন জারির ব্যবস্থা গ্রহণ | অনলাইনে সমন প্রেরণের ব্যবস্থা করা | ম্যানুয়াল পদ্ধতিতে TVC বেশী |